কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে সড়ক দুর্ঘটনায় সজীব বিশ্বাস (৩৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

বুধবার বিকেলে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের তাঁতীবন্দ নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত সজীব বিশ্বাস মিরপুর উপজেলার নয়নপুর এলাকার আব্দুল আজিজের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, বিকেল সাড়ে ৪ টার দিকে মোটরসাইকেলযোগে কুষ্টিয়া শহর থেকে বাড়ীর দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে তাঁতীবন্দ নামক স্থানে একটি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান।

ঘটনাস্থল পুলিশ পাঠানো হয়েছে বলেও জানান তিনি।

চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গায় বজ্রপাতে এক কলেজ ছাত্রের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদায় উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের মাঠে গত মঙ্গলবার রাতে বজ্রপাতে মৃত কলেজ ছাত্র জাশিদুল ইসলাম (২৫) এর মরদেহ উদ্ধার করেছে স্থানীয়রা।

আজ বুধবার (২২ জুলাই) সকালে গ্রামের শিতল চরা মাঠ থেকে তার ঝলসানো মরদেহ উদ্ধার করা হয়। মৃত জাশিদুল ইসলাম আরামডাঙ্গা গ্রামের আব্দুল ওহাব শেখের ছেলে ও দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের ব্যবস্থাপনা বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র।

স্থানীয়রা জানায়, জাশিদুল মঙ্গলবার সন্ধায় বৃষ্টির সময় গ্রামের পর্শ্ববর্তী শিতল চারা মাঠের বিলে মাছ ধরতে যায়। এরপর সে বাড়ি না ফিরলে পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করে। তারা কোনো সন্ধান না পেয়ে ওই রাতেই দামুড়হুদার কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে জানায়। পুলিশ গ্রামের বিভিন্ন মাঠে খোঁজাখুঁজি করেও কোনো সন্ধান পায়নি।

আজ বুধবার সকালে স্থানীয়রা মাঠে কৃষিকাজ করতে গিয়ে শিতলচরা মাঠের বিলের ধারে জাশিদুলের ঝলসানো মরদেহ দেখে গ্রামে খবর দিলে তারা মরদেহ বাড়িতে নিয়ে আসে।

দামুড়হুদার কার্পাসডাঙ্গা ফাঁড়ির ইনচার্জ এসআই মেজবাহুর রহমান জানান, পরিবারের লোকজন নিখোঁজের খবর দেওয়ার পর আমরা সারারাত মাঠে খোঁজাখুঁজি করেছি কিন্তু রাতে তাকে খুঁজে পাওয়া যায়নি। আজ বুধবার সকালে স্থানীয়রা মাঠে কৃষিকাজ করতে গিয়ে তার ঝলসানো মরদেহ বাড়িতে নিয়ে আসে। মঙ্গলবার রাতেই বজ্রপাতে তার মৃতু হয়েছে বলে তিনি জানান।

দামুড়হুদায় গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গা জেলার অন্তভুক্ত দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ২৫০ গ্রাম গাঁজাসহ মাদক সম্রাট ওমর আলীকে আটক করেছে পুলিশ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ দেশের যুব সমাজকে রক্ষা করতে মাদককে জিরো টলারেন্স ঘোষনা করেছেন।

সেই উদ্যোগকে সাফল্য করতে ও সেই লক্ষে উদ্বুদ্ধ হয়ে মাদকের অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে, দামুডহুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা পুলিশ অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক এর নেতৃত্বে, এস,আই মোঃ তৌহিদুর রহমান শেখ, এ,এস,আই মোঃ মসলেম উদ্দিন, এ এস,আই মোঃ বিল্লাল হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিতে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর বাজার এলাকায় পাকা রাস্তার উপর

অভিযান পরিচালনা করেন বুধবার বেলা ১১ টার দিকে দোহ তল্লাশী করে ২৫০ গ্রাম গাঁজাসহ মাদক সম্রাট ওমর আলীকে আটক করেন।

আটককৃত মাদক ব্যবসায়ী হলেন দামুড়হুদা উপজেলার দর্শনার কুড়ুলগাছি পশ্চিম পাড়ার মো: আলম হোসেনের ছেলে ওমর আলী(৩০)।

আটককৃত মাদক ব্যবসায়ী ওমর আলীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে বলে জানান।

একের পর এক মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা করায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা পুলিশ অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেকসহ থানার সকল পুলিশ সদস্যকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী সহ সচেতন মহল।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় পুলিশ সদস্যের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রাক চাপায় রাশেদুজ্জামান তন্ময় (৪৫) নামক এক পুলিশ সদস্যের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুরে কুষ্টিয়া-রাজশাহী মহাসড়কের বহলবাড়িয়া নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত রাশেদুজ্জামান তন্ময় পাকশী রেলওয়ে সার্কেল অফিসার হিসেবে দায়িত্ব পালন করতেন। সে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার রিফাইতপুর এলাকার মনিরুজ্জামানের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, দুপুরের দিকে অফিসিয়াল কাজে মোটরসাইকেলযোগে কুষ্টিয়া শহরের দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে বহলবাড়ীয়া নামক স্থানে একটি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান। লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছ।

পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা ঘটনাস্থল রয়েছেন বলেও জানান তিনি।

মৎস্য সপ্তাহ উপলক্ষে মুজিবনগরে প্রামাণ্য চিত্র পদর্শন

মৎস্য সপ্তাহ ২০২০ উপলক্ষে মৎস্য সেক্টরের বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে মুজিবনগরে প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়েছে।

বুধবার দুপুরে মুজিবনগর উপজেলার জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয়ে এ প্রামাণ্য চিত্র পদর্শন করা হয়।

এ সময় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, মৎস্য অফিসের ক্ষেত্র সহকারী আহসান হাবিবসহ বিভিন্ন ইউনিয়নের মৎস্য চাষীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরের নতুন ইউএনও আসাদুজ্জামান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার নতুন নির্বাহী অফিসার হিসেবে যোগদান করলেন আসাদুজ্জামান রিপন।

গতকাল মঙ্গলবার (২১ জুলাই) বিকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সদ্য বিদায়ী নির্বাহী অফিসার নাজনীন সুলতানা নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের কাছে দায়িত্ব বুঝে দেন।

এসময় নবাগত নির্বাহী অফিসারকে ফুলেল শুভেচ্ছা জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন ২৮তম বিসিএস ক্যাডারের কর্মকর্তা। কোটচাঁদপুরে নির্বাহী অফিসার হিসেবে যোগদানের আগে তিনি জনপ্রশাসন মন্ত্রানালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারি সচিব) আইসিটি ডিভিশনে কর্মরত ছিলেন।

মুজিবনগরে স্বরসতী খালে মাছের পোনা অবমুক্তকরন

“মাছ উৎপাদন বৃদ্ধি করি,সুখী সমৃদ্ধ দেশ গড়ি”প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে ২য় দিনের কর্মসূচি হিসাবে মুজিবনগর উপজেলার পিকনিক কর্নার স্বরসতী খালো রুই মাছের পোনা অবমুক্তকরন করা হয়েছে।

বুধবার সকালে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত থেকে এ সকল মাছের পোনা অবমুক্ত করা হয়।

অবমুক্তকরনের সময় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।

এ সময় বিভিন্ন জায়গায় মোট ১ শত কেজি রুই মাছের পোনা অবমুক্ত করা হয়।

হাসপাতাল থেকেই মন্ত্রিসভার বৈঠকে সভাপতিত্ব করেন সৌদি

বাদশাহ

রিয়াদের হাসপাতাল থেকে ভিডিওকলের মাধ্যমে মঙ্গলবার মন্ত্রিসভার বৈঠক করেছেন সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ। একদিন আগে পিত্তথলিতে প্রদাহ নিয়ে হাসপাতালে ভর্তি হতে হয়েছে ৮৪ বছর বয়সী এ শাসককে। সৌদি আরবের তিনটি সূত্র জানায়, বাদশাহর শরীরিক অবস্থা স্থিতিশীল। মঙ্গলবার সন্ধ্যায় দেশটির রাষ্ট্রীয় টেলিভিশনে প্রচার করা ভিডিওতে সালমানকে বৈঠকে সভাপতিত্ব করতে দেখা গেছে। তবে ওই ভিডিওতে কোনো শব্দ ছিল না। এতে ডেস্কে বসা সৌদি বাদশাহকে বিভিন্ন কাগজপত্রে নিঃশব্দে চোখ বুলিয়ে যেতে দেখা গেছে। বিশ্বের সবচেয়ে বড় তেল রফতানিকারক দেশ ও যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ মিত্র সৌদি আরবকে ২০১৫ সাল থেকে শাসন করছেন বাদশাহ সালমান। তার স্বাস্থ্য ভালো আছে এবং এতে আতঙ্কের কিছু নেই বলেও একটি সূত্র জানিয়েছে। রাষ্ট্রীয় গণমাধ্যমের খবরে জানা গেছে, জর্ডান, বাহরাইন ও কুয়েতি নেতাদের কাছ থেকে আসা ফোনকল রিসিভ করেছেন বাদশাহ। একটি কূটনৈতিক সূত্র বলছে, সৌদির কার্যত শাসক যুবরাজ মোহাম্মদ বিন সালমান সোমবার লোহিত সাগরের উপকূলীয় শহর নিওম থেকে সোমবার রিয়াদে উড়ে গেছেন। সফররত ইরাকি প্রতিনিধিদের সঙ্গে পরিকল্পিত বৈঠকও বাতিল করেছেন তিনি।
সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ।

রিয়াদের হাসপাতাল থেকে ভিডিওকলের মাধ্যমে মঙ্গলবার মন্ত্রিসভার বৈঠক করেছেন সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ।

একদিন আগে পিত্তথলিতে প্রদাহ নিয়ে হাসপাতালে ভর্তি হতে হয়েছে ৮৪ বছর বয়সী এ শাসককে।

সৌদি আরবের তিনটি সূত্র জানায়, বাদশাহর শরীরিক অবস্থা স্থিতিশীল।

মঙ্গলবার সন্ধ্যায় দেশটির রাষ্ট্রীয় টেলিভিশনে প্রচার করা ভিডিওতে সালমানকে বৈঠকে সভাপতিত্ব করতে দেখা গেছে।

তবে ওই ভিডিওতে কোনো শব্দ ছিল না। এতে ডেস্কে বসা সৌদি বাদশাহকে বিভিন্ন কাগজপত্রে নিঃশব্দে চোখ বুলিয়ে যেতে দেখা গেছে।

বিশ্বের সবচেয়ে বড় তেল রফতানিকারক দেশ ও যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ

মিত্র সৌদি আরবকে ২০১৫ সাল থেকে শাসন করছেন বাদশাহ সালমান।

তার স্বাস্থ্য ভালো আছে এবং এতে আতঙ্কের কিছু নেই বলেও একটি সূত্র জানিয়েছে।

রাষ্ট্রীয় গণমাধ্যমের খবরে জানা গেছে, জর্ডান, বাহরাইন ও কুয়েতি নেতাদের কাছ থেকে আসা ফোনকল রিসিভ করেছেন বাদশাহ।

একটি কূটনৈতিক সূত্র বলছে, সৌদির কার্যত শাসক যুবরাজ মোহাম্মদ বিন সালমান সোমবার লোহিত সাগরের উপকূলীয় শহর নিওম থেকে সোমবার রিয়াদে উড়ে গেছেন।

সফররত ইরাকি প্রতিনিধিদের সঙ্গে পরিকল্পিত বৈঠকও বাতিল করেছেন তিনি।

মেহেরপুরের গ্রামঞ্চলে বাল্যবিয়ের ধুম

করোনাকালে মেহেরপুরে বেড়েছে বাল্য বিয়ে। দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় এমনটি হচ্ছে বলে মনে করছে অনেকেই। গত ১৭ মার্চ থেকে করোনা প্রাদুর্ভাবের কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের ঘোষণা আগামী ৬ আগষ্ট পর্যন্ত আছে। তবে এই ছুটির পরিমাণ আরও বাড়তে পারে বলে জানা গেছে। করোনাভাইরাসের বিস্তারের এ সময় বাল্যবিবাহের সংখ্যা আগের চেয়ে বেড়ে গেছে কয়েকগুন।

দীর্ঘদিন ধরে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় গ্রামীণ পরিবারগুলোতে একধরনের অনিশ্চয়তা তৈরি হচ্ছে। বিভিন্ন দেশে কর্মরত অভিবাসী শ্রমিকসহ বিভিন্ন পেশার প্রতিনিধিরা এ সময়টায় দেশে ফিরেছেন। সমাজ বাস্তবতায় প্রবাসে কাজ করা ছেলের ‘পাত্র’ হিসেবে চাহিদা বেশি। আর এই অবরুদ্ধ অবস্থায় বিয়ে দিয়ে ফেলার চেষ্টা করছেন অভিভাবকেরা। অন্যদিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারি এখন কম হচ্ছে।

সেই সুযোগও কাজে লাগাচ্ছে কেউ কেউ।

সমাজের দরিদ্র অনেক অভিভাবকই এ সময় মেয়ের বিয়ে দিতে চাচ্ছেন। এ সময়টায় মানুষের চলাফেরা কমে গেছে। তাই খুব বেশি মানুষকে আপ্যায়ন করতে হচ্ছে না। এতে তাদের খরচও কমে যাচ্ছে। সম্প্রতি মেহেরপুর, গাংনী, মুজিবনগরে প্রশাসনের অভিযানে বাল্য বিয়ে বন্ধ হলেও রাতের আধাঁরে বিয়ে হচ্ছে অনেক।

মেহেরপুর জেলায় মাধ্যমিক, মাদ্রাসা ও কারিগরি মিলে মোট ১৭৪টি শিক্ষা প্রতিষ্ঠান আছে। তিন উপজেলায় মাধ্যমিক ও মাদ্রাসা মিলে ২৭টি মেয়েদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান আছে। অনুসন্ধানে দেখা গেছে ৮ম-১০ম শ্রেনির মধ্যে মেয়ে শিক্ষার্থীদের শতকরা ২০ ভাগ মেয়েদের বিয়ে হয়েছে। এই বিয়ের বেশির ভাগই হয়েছে করোনাকালিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার সময়ে। এছাড়াও কোন কোন প্রতিষ্ঠানে ৬ষ্ঠ-৭ম শ্রেনির মেয়েরও বিয়ে হয়েছে। এমন অবস্থায় ছাত্রী সংকটে পড়ার আশঙ্কা করছে শিক্ষা প্রতিষ্ঠান গুলো।

গাংনী উপজেলার বামন্দী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আব্দুর রহিম খান বলেন, স্কুল বন্ধ খাকার কারণে আমি তদারকি করতে পারিনি। মাঝে মধ্যে অভিভাবকদের সাথে ফোনে যোগাযোগ রাখার চেষ্ট করেছি। কিন্তু করোনা পূর্ব সময়ে আমি অভিভাবক এবং শিক্ষার্থীদের সাথে বাল্য বিয়ে বন্ধ করার জন্য সভাসমাবেশ করেছি। কিন্তু দীর্ঘদিন বন্ধ থাকার কারণে আমাদের অজান্তেই অনেক শিক্ষার্থাদের বিয়ে হয়ে যাচ্ছে।

মুজিবনগর উপজেলার গোপালনগর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহিরুল ইসলাম বলেন, আমি বিগত সময়ে বেশ কয়েকটা বাল্য বিয়ে বন্ধ করেছি। স্কুল বন্ধ থাকায় শিক্ষার্থীদের বিষয়ে তেমন খোঁজ নিতে পারছিনা। তবে ছুটির মধ্যেই স্টুডেন্ট প্রতিনিধিদের সাথে নিয়ে বাল্য বিয়ে প্রতিরোধে কাজ করবো।

মেহেরপুর সদরের শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান বলেন, করোনার প্রাদুর্ভাবে দীর্ঘদিন প্রতিষ্ঠান বন্ধ থাকার ফলে অবিভাবকের মনে এক প্রকার অনিশ্চয়তা তৈরি হয়েছে। গ্রামীন পরিবেশে এক্ষেত্রে প্রভাব খুব বেশি পড়েছে। রাতের আঁধারেই সল্প পরিসরে কোথাও কোথাও বিয়ের খবর পাচ্ছি। তবে বিয়ে হয়ে যাওয়ার পর বিভিন্ন মাধ্যমে শোনা যাচ্ছে। এক্ষেত্রে বাল্য বিয়ে বন্ধের সকল চেষ্ট ব্যর্থ হয়ে যাচ্ছে।

জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন বলেন, আমি সবে মাত্র যোগদান করেছি। বাল্য বিয়ের বিষয়টি আমি আপনার মাধ্যমে শুনলাম। খোঁজ নিয়ে প্রতিরোধের ব্যবস্থা করার চেষ্টা করবো।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, আমার কাছে ইতোমধ্যে যেসব বাল্য বিয়ের অভিযোগ এসেছে সেগুলো বন্ধ করেছি। তারপরও লকডাউনের প্রভাবে অর্থনৈতিক মন্দার প্রভাব পড়েছে গ্রামীন অর্থনীতিতে। সেক্ষেত্রে বাল্য বিয়ের একটা প্রবণতা তেরি হচ্ছে। আমরা বাল্য বিয়ে বন্ধ করার বিষয়ে কাজ করে চলেছি।

আলমডাঙ্গায় আরও একজনের করোনা উপসর্গ নিয়ে মৃত্যু

আলমডাঙ্গায় আরও একজন করোনা উপসর্গ নিয়ে মারা গেছেন। মঙ্গলবার (২১ জুলাই) বিকেলে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় তিনি মাার যান।

নিহত গৌরচন্দ্র বিশ্বাস আলমডাঙ্গার রথতলার যতিশচন্দ্র বিশ্বসের চিরকুমার ছেলে। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৫ বছর।

জানা গেছে, গত কয়েকদিন ধরে তিনি জ্বর,সর্দ্দি-কাশিতে ভুগছিলেন। সোমবারে তার অবস্থা খারাপের দিকে গেলে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি করা হয়। নমুনাও নেওয়া হয়। তবে করোনা রেজাল্ট পাওয়ার আগেই মঙ্গলবার বিকেলে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

থানার ওসি (তদন্ত) মাসুদুর রহমান জানান, আজ রাত ৯ টার দিকে আলমডাঙ্গার মহাশ্মশানে প্রশাসনের উপস্থিতিতে সরকারী নিয়মানুযায়ী তার শেষকৃত্ব অনুষ্ঠিত হবে।